

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-৪/বি, আগারগাঁও, প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।


স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৮০.২৭.৫০৮.১৮. ১৮৩

তারিখ : ০৫/০৯/২০১৯ খ্রি:

বিষয় : কারণ দর্শনো প্রসঙ্গে।

আপনি জনাব মোঃ আব্দুর রহমান সরকার খাগড়াছড়ি টেকনিক্যাল স্কুল ও কলেজে ক্রাফট ইনস্ট্রাক্টর (ইলেক্ট্রিক্যাল) পদে কর্মরত আছেন। আপনার বিরুক্তে পূর্বতন কর্মসূল গাইবান্ধা টেকনিক্যাল স্কুল ও কলেজে কর্মরত অবস্থায় ২ জন ছাত্রের সাথে অনৈতিক কার্যকলাপ (সমকামিতা) করার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২ এর উপবিধি (১) অনুযায়ী আপনাকে সরকারি চাকুরী হতে সাময়িক বরখাস্ত (Suspension) করা হয় এবং একই বিধিমালার বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী ‘অসদাচরণ’ (Misconduct) এর অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মোকদ্দমা রুজু করা হয়।

- ২। আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী ‘অসদাচরণ’ (Misconduct) এর দায়ে বিভাগীয় মোকদ্দমার অংশ হিসেবে আপনার বিরুক্তে ‘অভিযোগ নামা’ ও ‘অভিযোগ বিবরণী’ আপনার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়।
- ৩। আপনি খাগড়াছড়ি টেকনিক্যাল স্কুল ও কলেজের স্মারক নং-টিএসসি/খাগড়া/৬৯৪ তারিখ: ১০/০১/২০১৯ খ্রি: মোতাবেক অধিদপ্তর কর্তৃক প্রেরিত অভিযোগ নামা’র জবাব দাখিল করেন। আপনার দাখিলকৃত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় আপনার আবেদনের প্রেক্ষিতে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীতে আপনি আপনার বিরুক্তে আনিত অভিযোগ খননের জন্য যথোপযুক্ত তথ্য-প্রমাণক উপস্থাপন করতে না পারায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী ‘অসদাচরণ’ এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মোকদ্দমা সংশ্লিষ্ট বিধিমালার আলোকে মোকদ্দমাটি নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক কারিগরি শিক্ষা অধিদপ্তরের সহকারী পরিচালক জনাব মোঃ জহিরুল ইসলাম-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।
- ৪। তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় আপনার বিরুক্তে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) মোতাবেক ‘অসদাচরণ’ এর অভিযোগ প্রমাণিত হয়েছে।
- ৫। এমতাবস্থায়, আপনার বিরুক্তে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী ‘অসদাচরণ’ (Misconduct) এর অভিযোগ যথাযথভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী গুরুদণ্ডের আওতায় আপনাকে কেন চাকুরি থেকে বরখাস্ত করা হবে না সে বিষয়ে এ পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব দাখিল করতে অনুরোধ করা হলো। আপনি জবাব প্রদানে ব্যর্থ হলে আপনার এ বিষয়ে কোন বক্তব্য নেই মর্মে বিবেচনা করা হবে।


(মোনক মাহমুদ)
অতিরিক্ত সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

৫
মহাপরিচালক (অংদাঃ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর

প্রাপক : ১) বর্তমান ঠিকানা:
জনাব মোঃ আব্দুর রহমান সরকার, ক্রাফট ইনস্ট্রাক্টর (ইলেক্ট্রিক্যাল),
খাগড়াছড়ি টেকনিক্যাল স্কুল ও কলেজ, খাগড়াছড়ি।

২) স্থায়ী ঠিকানা:
জনাব মোঃ আব্দুর রহমান সরকার, প্রাম: গটিয়া, পো: সাঘাটা, থানা: সাঘাটা, জেলা: গাইবান্ধা।

অনুলিপি (জ্যোতির ভিত্তিতে নথো):

- ১) অধ্যক্ষ, খাগড়াছড়ি টেকনিক্যাল স্কুল ও কলেজ, খাগড়াছড়ি।
২) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা প্রহণের জন্য অনুরোধ করা হলো।)